

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.৩২.০০৩.১৮.২৬০

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৫

০৪ অক্টোবর ২০১৮

বিষয়: কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়সমূহের ওয়েবসাইট, কর্পোরেট ইমেইল ও কর্পোরেট সিম ব্যবহার করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয় নিয়ে সরকার গঠন করে এবং তা বাস্তবায়নে নিরন্তর কাজ করে যাচ্ছে। সকল তথ্য ও সেবা এক ঠিকানায় রেখে (৫৮ মন্ত্রণালয় ও বিভাগ, ৩৫৩ অধিদপ্তর, ৮ বিভাগ, ৬৪ জেলা, ৪৯১ উপজেলা এবং ৪৫৫৪ ইউনিয়ন এর ওয়েবসাইট সম্বলিত) পৃথিবীর সর্ববৃহৎ ওয়েব পোর্টাল তৈরী করা হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিটি জেলা এবং উপজেলার ওয়েবসাইট এতে সন্নিবেশিত আছে। এর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি সরকারি সেবা জনগনের দোরগোড়ায় পৌঁছে দেয়ার কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। কিন্তু অত্যন্ত দুঃখের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, এখনো অনেক কর্মকর্তা তাদের নিজ নিজ ওয়েবসাইট ব্যবহার করছেন না এবং তা নিয়মিত হালনাগাদ করছেন না। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয় হতে হতাশা ও ক্ষোভ প্রকাশ করা হয়। সচিবালয় নির্দেশমালায় সংশ্লিষ্ট কার্যালয়ের ওয়েবসাইট, কর্পোরেট মেইল ও ফোন নম্বর ব্যবহারের নির্দেশনা থাকলেও অধিকাংশ কর্মকর্তা তা পালন করছেন না। সরকারি নির্দেশনা প্রতিপালনে গাফিলতি প্রদর্শন করা কাজিত নয়। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা এবং উপজেলা কার্যালয়ের তথ্য হালনাগাদ করাসহ সরকারি পত্রে ওয়েবসাইটের ঠিকানা, কর্পোরেট ইমেইল ও ফোন ব্যবহারের জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে অবহেলা প্রদর্শনকারী সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য হবে।



৪-১০-২০১৮

মীর নূরুল আলম

পরিচালক

ফোন: +৮৮ ০২ ৮১১৩০৫৭

ইমেইল: dpiciitw@dae.gov.bd

বিতরণ :

- ১) উপপরিচালক (সকল), .....
- ২) উপজেলা কৃষি অফিসার (সকল), ....., .....


স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.৩২.০০৩.১৮.২৬০/১(২)

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৫

০৪ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত উপপরিচালক, মহাপরিচালকের দপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ২) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়



৪-১০-২০১৮

মীর নূরুল আলম

পরিচালক